

**২০২২ সালের অনার্স ২য় বর্ষ (নিয়মিত, অনিয়মিত ও গ্রেড উন্নয়ন) পরীক্ষার
ফরম পূরণের সংশোধিত বিজ্ঞপ্তি**

পরীক্ষার্থীদের ফরম পূরণের জন্য প্রদেয় কিসের বিবরণঃ

ক্রমিক নং	বিষয়ের নাম	কলেজের ব্যাংক কাউন্টারে টাকা জমা দেওয়া ও পূরণকৃত ফরম জমাদানের তারিখ	নিয়মিত	অনিয়মিত (বিগত বছরে যারা ফরম পূরণ করেনি)	অনিয়মিত (বিগত বছরে যারা ফরম পূরণ করেছে) ও গ্রেড উন্নয়ন
১	হিসাববিজ্ঞান	নিয়মিত : ০৫/১০/২৩ অনিয়মিত+মানউন্নয়ন: ০৮/১০/২৩	৪৮১০/-	ফরমে উল্লিখিত টাকা + ২৯৬০/-	ফরমে উল্লিখিত টাকা + ৫০৫/-
২	ব্যবস্থাপনা	নিয়মিত : ০৯/১০/২৩ অনিয়মিত+মানউন্নয়ন: ১০/১০/২৩			
৩	ফিন্যান্স এন্ড ব্যাংকিং ও	নিয়মিত : ১১/১০/২৩			
৪	মার্কেটিং	অনিয়মিত+মানউন্নয়ন : ১২/১০/২৩			

পরীক্ষায় অংশগ্রহণের শর্তাবলী :

নিয়মিত পরীক্ষার্থীদের জন্য

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন ২০২০-২০২১ শিক্ষাবর্ষে রেজিস্ট্রেশনকৃত অনার্স কোর্সের সকল ছাত্র-ছাত্রী ২০২১ সালের অনার্স ১ম বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে Promoted হয়ে ২০২২ সালের অনার্স ২য় বর্ষের কোর্স সম্পন্ন করেছে তারা নিয়মিত পরীক্ষার্থী হিসেবে অনার্স কোর্সের সিলেবাস ও সংশোধিত রেগুলেশন অনুযায়ী পরীক্ষায় অংশগ্রহণ করবে।

অনিয়মিত পরীক্ষার্থীদের জন্য

২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল শিক্ষার্থী অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশ গ্রহণ করে Not Promoted হয়েছে অথবা পরীক্ষায় অংশগ্রহণ করেনি ঐ সকল শিক্ষার্থী অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে। Not Promoted শিক্ষার্থীকে পূর্ববর্তী বছরের পাসকৃত কোর্সের পরীক্ষা দিতে হবে না। তবে যারা ২০২১ সালের অনার্স ২য় বর্ষে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে "C" বা "D" গ্রেড পেয়েছে শুধুমাত্র তারা ই ২০২২ সালের পরীক্ষায় উচ্চতর গ্রেডে উন্নীত করার জন্য পরীক্ষা দেয়ার সুযোগ পাবে সর্বোচ্চ ২ টি কোর্সে এবং "I" গ্রেড প্রাপ্ত সকল কোর্সে পরীক্ষা দিতে হবে।

গ্রেড উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য

২০২১ সালের অনার্স ২য় বর্ষে যে সকল শিক্ষার্থী নিয়মিত ও অনিয়মিত পরীক্ষার্থী হিসেবে প্রথম বারের মত পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে, ঐ সকল শিক্ষার্থীরা শুধুমাত্র C এবং D গ্রেড প্রাপ্ত কোর্স/কোর্সসমূহে গ্রেড উন্নয়ন পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে সর্বোচ্চ ২ টি কোর্সে।

যে সকল শিক্ষার্থী ২০১৫-২০১৬, ২০১৬-২০১৭, ২০১৭-২০১৮, ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষে অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে ৩য় বর্ষে প্রমোশন পেয়েছে কিন্তু এক বা একাধিক কোর্সে F গ্রেড রয়েছে তারা ২০২২ সালের পরীক্ষায় I গ্রেড প্রাপ্ত কোর্স বা কোর্সসমূহে অংশগ্রহণ করতে পারবে।

সকল F গ্রেড প্রাপ্ত কোর্সে পরীক্ষা দিয়ে (রেজিস্ট্রেশনের মেয়াদে) অবশ্যই ন্যূনতম "D" গ্রেড এ উন্নীত করতে হবে। I গ্রেডকে উচ্চতর গ্রেডে উন্নীত করলে পরবর্তীতে গ্রেড উন্নয়নের কোন সুযোগ থাকবে না এবং ফলাফল যাই হোক না কেন B+ গ্রেড এর বেশি প্রাপ্য হবে না।

২০২১ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে C Promoted প্রাপ্ত পরীক্ষার্থীদের অনুপস্থিত পড়ে ২০২২ সালের পরীক্ষায় অবশ্যই অংশগ্রহণ করতে হবে। এক্ষেত্রে পরীক্ষার্থী মোট ফি এর অতিরিক্ত ১০০০/- (এক হাজার) টাকা ফি প্রদান করবে।

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষের শিক্ষার্থীদের পরীক্ষায় অংশগ্রহণের প্রয়োজনীয় শর্তাবলী :

২০১৩-২০১৪ ও ২০১৪-২০১৫ শিক্ষাবর্ষে এক বা একাধিক কোর্সে (F) গ্রেড প্রাপ্ত (অকৃতকার্য) শিক্ষার্থীরা সর্বমোট ৫,০০০/- (পাঁচ হাজার) টাকা ফি প্রদান করে শুধুমাত্র ২০২২ সালের অনার্স ২য় বর্ষ পরীক্ষার ফরমপূরণের সুযোগ পাবে। এক্ষেত্রে রেজিস্ট্রেশন নবায়নের কোন প্রয়োজন হবে না এবং কোন শিক্ষার্থী ফরমপূরণ করতে ব্যর্থ হলে, পরীক্ষায় অংশগ্রহণ করতে ব্যর্থ হলে বা পরীক্ষায় অংশগ্রহণ করে অকৃতকার্য হলে কোন অবস্থাতেই পরবর্তীতে পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ পাবে না।

ব্যবহারিক পরীক্ষায় গ্রেড উন্নয়নের কোন সুযোগ নাই।

পরীক্ষার্থীদের জন্য করণীয় :

জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইট (<http://nu.ac.bd/student-login>) থেকে পরীক্ষার্থীগণ অন-লাইনে সিলেবাসে উল্লিখিত বিষয়কোড (ব্যবহারিকসহ) সঠিকভাবে নির্বাচন করে আবেদন ফরম Download /সংগ্রহ করার পর নির্ধারিত ফিস সংশ্লিষ্ট বিভাগীয় প্রধানের নিকট জমা দিবে এবং কলেজ কর্তৃক নির্ধারিত সময়ের মধ্যে বিবরণী ফরমে বিষয়কোড সঠিক এন্ট্রি করা হয়েছে কি না তা দেখেনিশ্চিত হয়ে স্বাক্ষর করতে হবে। বিষয়কোড ভুল পূরণের জন্য বিশ্ববিদ্যালয় দায়ী থাকবে না।

আবেদন ফরমে কোন প্রকার ভুল হলে কলেজ কর্তৃপক্ষের মাধ্যমে ফরম Cancel করে পুনরায় আবেদন ফরম Download করতে হবে।

পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে উল্লিখিত অনার্স বিষয় ছাড়া অন্য কোন বিষয়ে আবেদন ফরমপূরণ করলে তার আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। এক্ষেত্রে পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন কার্ডে কোন প্রকার ভুল থাকলে তা প্রবেশপত্র ইস্যুর আগেই সংশোধন করে নিতে হবে।

আবেদন ফরমের সাথে রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি নির্ধারিত তারিখের মধ্যে ৩ ৩ কলেজের নির্দেশনা অনুযায়ী সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

২১.৯.২০২৩

২১/৯/২৩
অধ্যক্ষ
আযম খান সরকারি কমান্স কলেজ
খুলনা।

২১/৯/২৩